গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা

ঢাকা, সোমবার ২০ এপ্রিল ২০১৫, ৭ বৈশাখ ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ধনী-দরিদ্রের বৈষম্য কমিয়ে সবাইকে নিষ্ঠার সঙ্গে কাজ করার আহ্বান প্রধানমন্ত্রীর

২। টাইগারদের সিরিজ জয়ে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন
- বিশ্বে মর্যাদাপূর্ণ অবস্থানে বাংলাদেশের ক্রিকেট : প্রধানমন্ত্রী

৩। মানুষ পুড়িয়ে কীভাবে বিএনপি নেত্রী এখন ভোট চান : প্রধানমন্ত্রী

৪। বাংলাদেশে আট হাজার কোটি টাকার বন্ড ছাড়বে আইএফসি : অর্থমন্ত্রী

৫। বিনিয়োগ বাড়াতে সমন্বয়ের বিকল্প নেই

৬। চীনের সহায়তায় বাউশিয়ায় পোশাক শিল্প পার্ক তৈরি হচ্ছে : বাণিজ্যমন্ত্রী

৭। মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ গ্রহণ করতে হবে : স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী

৮। প্রয়োজন হলে অবশ্যই সেনাবাহিনী মোতায়েন করা হবে : প্রধান নির্বাচন কমিশনার

৯। দেশে গড় আয়ু বেড়ে ৭০ বছর

১০। বিভিন্ন স্থানে শিলাবৃষ্টি ও কালবৈশাখীতে নিহত আট

চলমান পাতা/২

১। ধনী-দরিদ্রের বৈষম্য কমিয়ে সবাইকে নিষ্ঠার সঙ্গে কাজ করার আহ্বান প্রধানমন্ত্রীর

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আমাদের রাজনীতির লক্ষ্য ধনী-দরিদ্রের বৈষম্য কমিয়ে আনা। এর মাধ্যমে আমরা গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী ভিত্তির ওপর দাঁড় করাব। গতকাল ১৯ এপ্রিল রোববার প্রধানমন্ত্রীর তেজগাঁও কার্যালয়ে 'একটি বাড়ি একটি খামার' প্রকল্পের উপদেষ্টা কাউন্সিলের বৈঠকে তিনি একথা বলেন। সূত্র- ভোরের কাগজ (শেষ পৃ.,ক.২), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.১), ইনকিলাব (শেষ পৃ.,ক.৬), ডেইলি স্টার (পৃ.২,ক.১), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৫)।

২। টাইগারদের সিরিজ জয়ে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন

- বিশ্বে মর্যাদাপূর্ণ অবস্থানে বাংলাদেশের ক্রিকেট : প্রধানমন্ত্রী

এক ম্যাচ বাকি থাকতেই পাকিস্তানের বিপক্ষে তিন ম্যাচের সিরিজ জয়ে বাংলাদেশ ক্রিকেট দলকে অভিনন্দন জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রী বলেছেন, দেশের ক্রিকেট আজ বিশ্বের বুকে মর্যাদাপূর্ণ অবস্থানে অধিষ্ঠিত হয়েছে। গতকাল ১৯ এপ্রিল রোববার মিরপুর শেরেবাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে সাত উইকেটে পাকিস্তানকে হারিয়ে টাইগারদের বিজয় মাঠে বসেই উপভোগ করেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী বলেন, দেশের ক্রিকেটের উন্নয়নে সরকারের সর্বোচ্চ আন্তরিকতা এবং খেলোয়াড়দের ঐকান্তিক প্রচেষ্টায় বাংলাদেশ ক্রিকেট আজ বিশ্বের বুকে মর্যাদাপূর্ণ অবস্থানে অধিষ্ঠিত হয়েছে। প্রধানমন্ত্রী আশা করেন, বাংলাদেশ ক্রিকেট দল আগামীতেও বিজয়ের এ ধারাবাহিকতা অব্যাহত রাখবে। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.২), সংবাদ (পৃ.১,ক.১)। ইত্তেফাক, প্রথম আলো, জনকণ্ঠ, সমকাল, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সানসহ অপরাপর দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৩। মানুষ পুড়িয়ে কীভাবে বিএনপি নেত্রী এখন ভোট চান : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিএনপি নেত্রী খালেদা জিয়া এতদিন আগুন দিয়ে বাস পুড়িয়েছেন, জীবন্ত মানুষ পুড়িয়ে হত্যা করেছেন। এখন আবার তিনি বাসের পক্ষে লিফলেট বিলি করছেন। প্রধানমন্ত্রী বলেন, আগুন দেওয়া ও মানুষ হত্যার সঙ্গে যে বিএনপি-জামায়াত জড়িত তার প্রমাণও আসতে শুরু করেছে। যত বেশি তদন্ত হচ্ছে, ততই এগুলো বেরিয়ে আসতে শুরু করেছে। পরিকল্পিতভাবে খালেদা জিয়া এই ধ্বংসযজ্ঞ চালিয়েছেন। গতকাল ১৯ এপ্রিল রোববার রাজধানীর খামারবাড়ির কৃষিবিদ ইনস্টিটিউট মিলনায়তনে কৃষক লীগের প্রতিষ্ঠাবার্ষিকীর আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.২,ক.৭), জনকণ্ঠ (পৃ.১,ক.২), সমকাল (পৃ.১,ক.৭), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৮), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৬)।

৪। বাংলাদেশে আট হাজার কোটি টাকার বন্ড ছাড়বে আইএফসি : অর্থমন্ত্রী

বাংলাদেশে ১০০ কোটি ডলারের বন্ড ছাড়বে বিশ্বব্যাংকের সহযোগী সংস্থা ইন্টারন্যাশনাল ফিন্যান্স কর্পোরেশন (আইএফসি)। স্থানীয় মুদ্রায় বন্ডটির মূল্যমান হবে প্রায় আট হাজার কোটি টাকা (প্রতি ডলার ৮০ টাকা হিসাবে)। এই বন্ডের নাম হবে 'টাকা বন্ড'। বর্তমানে দেশে 'ডলার বন্ড' চালু রয়েছে। বিশ্বব্যাংকের প্রধান কার্যালয়ে আইএফসির নির্বাহী ভাইস প্রেসিডেন্ট জিং ইয়ং চাইয়ের সঙ্গে গত ১৮ এপ্রিল শনিবার অনুষ্ঠিত এক বৈঠক শেষে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত সাংবাদিকদের এসব তথ্য জানান। সূত্র-প্রথম আলো (পৃ.১৩,ক.৬), ইত্তেফাক (পৃ.১৮,ক.৬), সমকাল (শেষ পৃ.,ক.১), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৫), ফিনানসিয়াল এক্সপ্রেস (শেষ পৃ.,ক.১)।

৫। বিনিয়োগ বাড়াতে সমন্বয়ের বিকল্প নেই

বিনিয়োগ বাড়াতে বিভিন্ন অফিস এবং নীতিমালার মধ্যে সমন্বয় দরকার। বছরের পর বছর ধরে এ কথা বলা হচ্ছে সভা-সেমিনারগুলোতে। গতকাল ১৯ এপ্রিল রোববার ম্যাক্রো-ইকোনোমিক পলিসিজ কনভার্জেন্স বা সামষ্টিক অর্থনৈতিক নীতিগুলোর সমকেন্দ্রীকতা শীর্ষক সেমিনারেও একই ধরনের কথা উঠে আসে। রাজধানীর বিয়াম মিলনায়তনে বিনিয়োগ বোর্ড আয়োজিত এ সেমিনারে বক্তারা বলেন, বিনিয়োগ বাড়ানোর জন্য দরকার প্রাতিষ্ঠানিক সমস্যা ও সাংঘর্ষিক নীতি দূর করা। আর তা করতে শিক্ষার মান বাড়ানো ও গবেষণার কোনো বিকল্প নেই বলেও জানান তারা। সেমিনারে প্রধান অতিথি ছিলেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। সূত্র-ইত্তেফাক (পৃ.১৮,ক.৬), প্রথম আলো (পৃ.১২,ক.১), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.২), নিউজ টুডে (শেষ পৃ.,ক.৫)।

৬। চীনের সহায়তায় বাউশিয়ায় পোশাক শিল্প পার্ক তৈরি হচ্ছে : বাণিজ্যমন্ত্রী

চীনের সহায়তায় মুন্সীগঞ্জের বাউশিয়ায় পোশাকশিল্প পার্ক তৈরি হচ্ছে। এখানে আড়াইশ শিল্পকারখানা স্থাপন করা হবে। এসব শিল্পকারখানায় আড়াই লাখের বেশি শ্রমিকের কর্মসংস্থান হবে। এছাড়া পূর্বাচলে আন্তর্জাতিক বাণিজ্যমেলা করার জন্য একটি পরিকল্পনা চূড়ান্ত করা হয়েছে, সেখানে চীন এতে অর্থায়ন করবে। গতকাল ১৯ এপ্রিল রোববার সচিবালয়ে বাংলাদেশে নিযুক্ত চীনের রাষ্ট্রদূতের সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের এসব কথা বলেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। সূত্র-ভোরের কাগজ (পৃ.৯,ক.২), সংবাদ (শেষ পৃ.,ক.২), জনকণ্ঠ (পৃ.১৮,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৫), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.৫)।

৭। মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ গ্রহণ করতে হবে : স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী

র‍্যাব-১১ এর আটককৃত সাড়ে সাত কোটি টাকার মাদকদ্রব্য ধ্বংস করেছেন স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। গতকাল ১৯ এপ্রিল রোববার নারায়ণগঞ্জের আদমজীনগরে র‍্যাব-১১ এর কার্যালয়ে অনুষ্ঠিত মাদকদ্রব্য ধ্বংস কর্মসূচির অনুষ্ঠানে স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, আমাদের মাদকসেবীদের ধ্বংসের হাত থেকে রক্ষার পাশাপাশি মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ গ্রহণ করতে হবে। সূত্র-ভোরের কাগজ (শেষ পৃ.,ক.৫), ইত্তেফাক (পৃ.১৯,ক.৭), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.২)।

৮। প্রয়োজন হলে অবশ্যই সেনাবাহিনী মোতায়েন করা হবে : প্রধান নির্বাচন কমিশনার

আসন্ন তিন সিটি কর্পোরেশন নির্বাচনে সেনাবাহিনী মোতায়েন করা হবে কি হবে না সে বিষয়ে আগামী দু'একদিনের মধ্যেই সিদ্ধান্ত নেওয়া হবে বলে জানিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কাজী রকিবউদ্দীন আহমদ। গতকাল ১৯ এপ্রিল রোববার রাজধানীর আগারগাঁওয়ে জাতীয় অর্থনৈতিক পরিষদ মিলনায়তনে আইনশৃঙ্খলা বাহিনীর সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের তিনি এ তথ্য জানান। সূত্র-ভোরের কাগজ (পৃ.১,ক.২), ইত্তেফাক (পৃ.১,ক.৬), জনকণ্ঠ (পৃ.১,ক.২), ডেইলি স্টার (পৃ.১,ক.৬), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.২)। ইনকিলাব এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৯। দেশে গড় আয়ু বেড়ে ৭০ বছর

দেশে পাঁচ বছরের নিচে বিভিন্ন বয়সী শিশুর মৃত্যুহার ধারাবাহিকভাবে কমছে। সেই সাথে গড় আয়ুষ্কাল বেড়ে ৭০ বছর ১ মাসে উন্নীত হয়েছে। সর্বশেষ আদমশুমারিকে ভিত্তি করে পরবর্তী বছরগুলোতে নিয়মিত তথ্য সংগ্রহ করে তৈরি করা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) এক প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। গতকাল ১৯ এপ্রিল রোববার 'মনিটরিং দ্য-সিচুয়েশন অব ভাইটাল স্ট্যাটিসটিকস্ অব বাংলাদেশ' (এমএসভিএসবি) প্রকল্পের চূড়ান্ত তথ্যে এ বিষয়গুলো উঠে আসে। সূত্র-ইত্তেফাক (পৃ.১, ক.৬), সমকাল (শেষ পৃ.,ক.২)।

১০। বিভিন্ন স্থানে শিলাবৃষ্টি ও কালবৈশাখীতে নিহত আট

দেশের অনেক স্থানে গত ১৮ এপ্রিল শনিবার রাতে বয়ে যায় শিলাবৃষ্টিসহ শক্তিশালী কালবৈশাখী। এতে কিশোরগঞ্জে গাছ চাপায় ৫ জন এবং ময়মনসিংহে গাছচাপা ও বজ্রপাতে ৩ জনের মৃত্যু ঘটে। সারাদেশে আহত হয়েছে ৫০ জনের বেশি মানুষ। ঝড় ও শিলাবৃষ্টিতে ক্ষতিগ্রস্ত হয় কয়েক হাজার একরের বেশি জমির ফসল। বিধ্বস্ত হয়েছে কয়েক হাজার ঘরবাড়ি, শিক্ষা ও ব্যবসা প্রতিষ্ঠান। ভেঙ্গে গেছে শত শত গাছপালা। বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হয়ে অন্ধকার নেমে আসে। ঘরবাড়ি হারিয়ে অন্যত্র আশ্রয় নিয়েছে অনেক পরিবার। নিজস্ব সংবাদদাতা, স্টাফ রিপোর্টার, আবহাওয়া অধিদফতর, ফায়ার সার্ভিস সূত্রে এ তথ্য জানা গেছে। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৬), ইত্তেফাক (শেষ পৃ.,ক.২), সংবাদ (পৃ.১,ক.২), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৬), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো : বাংলাদেশ ও ভারতের মধ্যে ৪১ বছর আগে সই হওয়া সীমান্ত চুক্তি বাস্তবায়নের ক্ষেত্রে আসাম রাজ্যকে সাথে নিয়ে ভারতীয় পার্লামেন্টে চুক্তিটি যাতে পাস হয় সে ব্যাপারে বাংলাদেশ সরকারকে সচেষ্ট হওয়ার সুপারিশ;

খ. ইত্তেফাক : কর্মজীবী নারীদের যাতায়াত নির্বিঘ্ন করতে পরিবহণ সমস্যা সমাধানে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান;

গ. জনকণ্ঠ : কৃষি জমির উর্বরতা বাড়াতে ব্যাপকভাবে জৈব সার উৎপাদনের জন্য জৈব কারখানা স্থাপনের পরিকল্পনা গ্রহণ করার ওপর গুরুত্বারোপ;

ঘ. সংবাদ : আসন্ন তিন সিটি কর্পোরেশন নির্বাচনে প্রার্থীদের বিরুদ্ধে আচরণবিধি লংঘনের যে অভিযোগ উঠেছে তা আমলে নিয়ে নির্বাচনী আচরণবিধি মানতে বাধ্য করতে ইসির সাথে সাথে রাজনৈতিক দলগুলোকে এগিয়ে আসার আহ্বান;

ঙ. সমকাল : খুলনার রূপসা নদীর তীরবর্তী এলাকাকে প্রভাবশালীদের দখলমুক্ত করতে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি;

চ. যায়যায়দিন : বিভিন্ন পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস রোধে ডিজিটাল পদ্ধতিতে পরীক্ষা নেওয়ার সরকারের উদ্যোগের সফল বাস্তবায়ন প্রত্যাশা;

ছ. ডেইলি স্টার : ইলিশ মাছ রক্ষায় জাটকা ধরা বন্ধে কারেন্ট জাল তৈরি ও ব্যবহার কঠোর হাতে দমনের সুপারিশ;

জ. ইন্ডিপেনডেন্ট : দেশের উন্নয়নে আন্তর্জাতিক সম্পদের যথোপযুক্ত ব্যবহার নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণের আহ্বান;

ঝ. ডেইলি সান : সিটি কর্পোরেশন নির্বাচনে ভোটারদের টাকা দিয়ে ভোট আদায়ের চেষ্টা আচরণবিধি লঙ্ঘনের শামিল হওয়ায় নির্বাচন কমিশনকে এ ব্যাপারে কঠোর পদক্ষেপ গ্রহণের সুপারিশ;

ঞ. নিউ নেশন : সিটি কর্পোরেশন নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্নে প্রয়োজনে সেনাবাহিনী মোতায়েনের ব্যাপারে প্রধান নির্বাচন কমিশনারের অভিমতের ওপর গুরুত্বারোপ;

ট. নিউ এজ : দ্রব্যমূল্য সাধারণ জনগণের ক্রয় ক্ষমতার মধ্যে রাখার ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

ঠ. ফিনানসিয়াল এক্সপ্রেস : গ্রামের অর্থনৈতিক উন্নয়নে ইউনিয়ন পরিষদের নির্বাচিত প্রতিনিধিদের উন্নয়ন কর্মকাণ্ডে নিষ্ঠার সাথে আরও বেশি সম্পৃক্ত করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

যুগান্তর পত্রিকায় প্রকাশিত কলামে দেশের ছাত্র রাজনীতিকে সুস্থ ও স্বাভাবিক ধারায় ফিরিয়ে আনার জন্য সচেতন, সাহসী ও ঐক্যবদ্ধ প্রচেষ্টা প্রয়োজন বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত 'শ্রেণী শিক্ষকের আত্মসচেতনতা উন্নয়নের উপায়' শিরোনামের নিবন্ধে মো. আবুল বাশার শিক্ষকদের নিজেদের শ্রেণী কার্যক্রমে সবলতা ও দুর্বলতা চিহ্নিত করার জন্য প্রয়োজন আত্মসচেতন হওয়া বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা